# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 15 April, 2025

জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব অবহেলার অভিযোগে তিন শিক্ষককে অব্যাহতি দিয়েছেন স্থানীয় প্রশাসন।

জানা যায়, ১৫ (এপ্রিল) মঙ্গলবার সকালে উপজেলার বেলগাছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এন্ড বিএম কলেজ পরীক্ষা কেন্দ্রে দায়িত্বে নিয়োজিত তিনজন শিক্ষক দায়িত্ব অবহেলার করে আসছিলেন।অনিয়ম ও দায়িত্ব অবহেলার কারণে ওই তিন শিক্ষককে অব্যাহতি প্রদান করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ তৌহিদুর রহমান।

অব্যাহতি প্রাপ্ত শিক্ষকরা হলেন, কুলকান্দি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক নুরুল ইসলাম, এড. নুরুল ইসলাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আব্দুল আলিম ও একই স্কুলের শিক্ষক সুলতান মাহমুদ।

চলমান মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় এবার এই উপজেলায় মাধ্যমিকে ২হাজার ৭শ ৭৪জন, দাখিল ৯শ ৫জন,ভোকেশনালে ৫শ ৪৮ জনসহ মোট ৪হাজার ২শ২৭জন পরিক্ষার্থী  ১০টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে।

ইসলামপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা তৌহিদুল ইসলাম বলেন, তিনি উপজেলার বেলগাছা কেন্দ্রে উপস্থিত হয়ে দেখতে পান ওই তিন শিক্ষক পরীক্ষাকেন্দ্রের দায়িত্ব পালনে অবহেলা ও অনিয়ম করছেন।এ কারণে ঐ তিন শিক্ষককে অব্যহতি দেয়া হয়েছে।

জামালপুর শিক্ষক বিদ্যালয় পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:52

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/835775807